

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
প্রশাসন শাখা, ৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সভার  
কার্যবিবরণী:

সভাপতি	মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সভার তারিখ	২৩ ফেব্রুয়ারি ২০২২ খ্রি:
সভার সময়	বিকাল ০৪.০০ ঘটিকা
স্থান	অধিদপ্তরের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) বিগত ১৯ জানুয়ারি ২০২২, তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পড়ে শোনান। বিগত সভার কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়।

০২। সভায় বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে পর্যালোচনা করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করা হয়।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
-----------	--------------	--------	-----------	--------------------------

০১।	পেন্ডিং বিষয়গুলো দ্রুত নিষ্পত্তি করণ।	প্রাপ্ত চিঠিপত্রের নিষ্পত্তিকৃত ও পেন্ডিং পত্রের সঠিক হিসাব রাখা প্রয়োজন। পেন্ডিং তালিকার স্বপক্ষে প্রয়োজনীয় তথ্য রাখা দরকার। সংশ্লিষ্ট সহকারী পরিচালক বিষয়টি মনিটরিং করবেন। মাঠ পর্যায়ের চাহিদা মোতাবেক তথ্যের জন্য পত্র প্রেরণের ক্ষেত্রে অবশ্যই তারিখ উল্লেখ করতে হবে এবং যথা সময়ে পত্র না পাওয়া গেলে তাগিদ পত্র দিতে হবে। পাশাপাশি রিপোর্ট রিটার্ন যথাসময়ে প্রেরণ করা যেতে পারে।	<p>১.১ মাঠ পর্যায়ের চাহিদা মোতাবেক তথ্যের জন্য প্রেরিত পত্রে অবশ্যই তারিখ নির্দিষ্ট করে দিতে হবে। নির্ধারিত সময়ে পত্র পাওয়া না গেলে সংশ্লিষ্ট ডেস্ক অফিসার কর্তৃক তাগিদ পত্র দিতে হবে। পাশাপাশি রিপোর্ট রিটার্ন যথাসময়েই প্রেরণ করতে হবে।</p> <p>১.২ যে কোন পত্রের বিষয় সম্পূর্ণ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত পেন্ডিং থাকবে। রিপোর্টের জন্য পাঠিয়ে নিষ্পত্তি দেখানো যাবে না। সংশ্লিষ্ট সহকারী পরিচালক বিষয়টি মনিটরিং করবেন।</p> <p>১.৩ প্রতি সভায় শাখাভিত্তিক মোট পত্র প্রাপ্তির সংখ্যা তুলে ধরতে হবে। উক্ত তথ্যের সাথে শাখা ও অধিশাখাভিত্তিক নিষ্পত্তি ও পেন্ডিং এর সংখ্যা তুলে ধরতে হবে। অনিষ্পন্ন পত্রের ক্ষেত্রে বিলম্বের কারণ উল্লেখ করতে হবে।</p>	পরিচালক (সকল)/ অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা)/উপ-পরিচালক (সকল) /সহ: পরিচালক (সকল) প্রধান কার্যালয়, ঢাকা।
০২।	মন্ত্রণালয় হতে চাহিদা মোতাবেক তথ্যাদি অগ্রাধিকার ভিত্তিতে প্রেরণ।	মন্ত্রণালয় থেকে প্রাপ্ত চিঠি-পত্রের জবাব নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণের লক্ষ্যে বিশেষ গুরুত্ব দিতে হবে। প্রত্যেক পরিচালক এর ব্যক্তিগত সহকারী জরুরি পত্রের কপি একটি ফাইলে সংরক্ষণ করবেন।	<p>২.১ সহকারী পরিচালক (স্টাফ অফিসার) এবং ব্যক্তিগত সহকারী মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ পত্রের ছায়ািলিপি সংরক্ষণ করবেন এবং তা মহাপরিচালককে অবহিত করবেন।</p> <p>২.২ অতিরিক্ত মহাপরিচালক/পরিচালক/ অতিরিক্ত পরিচালকগণের ব্যক্তিগত সহকারী জরুরি পত্রের কপি সংরক্ষণ করবেন এবং তা সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করবেন।</p>	পরিচালক (সকল)/সহকারী পরিচালক (স্টাফ অফিসার)।

০৩।	অডিট আপত্তি নিষ্পত্তিকরণ।	সম্পূরক শুল্ক বিষয়ক আপত্তি নিষ্পত্তির জন্য এনবিআর এ যোগাযোগ অব্যাহত আছে। পূর্বের ১০টি অডিট এর বিষয়ে কোন নথি আইসিটি ও জনসেবা অডিট অধিদপ্তরে পাওয়া যায়নি। বার বার অফিস স্থানান্তরের কারণে এমনটি হয়েছে বলে তারা মনে করেন। সম্প্রতি প্রেরিত ০৫টি অডিট আপত্তির বিষয়ে তারা ব্যবস্থা গ্রহণ করছেন। অডিট আপত্তিসমূহ যথাযথভাবে নিষ্পত্তির নিমিত্তে দ্বিপাক্ষীয় সভা আহ্বান করা যেতে পারে।	৩.১ পেন্ডিং অডিট আপত্তিসমূহ যথাযথভাবে নিষ্পত্তির নিমিত্তে সুরক্ষা সেবা বিভাগ ও অডিট অধিদপ্তরে ব্যক্তিগত ভাবে যোগাযোগ করতে হবে। ৩.২ সম্পূরক শুল্ক সম্পর্কিত অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সাথে সভা করার নিমিত্ত পত্র দিতে হবে।	পরিচালক(প্রশাসন, অর্থ ও উন্নয়ন)/উপ পরিচালক (ফ্রেয়, পরিকল্পনা ও উন্নয়ন)/সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)।
০৪।	বিধিমালা প্রণয়ন।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর সাথে সংশ্লিষ্ট বিধিমালাসমূহ [ক. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (অ্যালকোহল) বিধিমালা খ. ডোপটেষ্ট বিধিমালা গ. আটকবস্তু সংরক্ষণ ও নিষ্পত্তি বিধিমালা এবং ঘ. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (এ্যালকোহল ব্যতিত) বিধিমালা ২০২১] দ্রুত চূড়ান্তকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার উপর গুরুত্বারোপ করা হয়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা দ্রুত চূড়ান্তকরণে দৃশ্যমান উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।	৪.১ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর সাথে সংশ্লিষ্ট বিধিমালাসমূহ দ্রুত প্রণয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এক্ষেত্রে মন্ত্রণালয়ে নিবিড় যোগাযোগ রাখতে হবে। ৪.১ বিধিমালাসমূহ সম্পর্কে বিভিন্ন দিন ধার্যকরে আলোচনার মাধ্যমে কর্মকর্তাগণ অবগত হবেন।	পরিচালক (প্রশাসন, অর্থ ও উন্নয়ন)/ পরিচালক (চিকিৎসা পুনর্বাসন)/উপ পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়।

০৫।	প্রশিক্ষণ।	<p>(ক) অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।</p> <p>(খ) অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীদের জন্য একটি প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে। ক্যালেন্ডার মোতাবেক প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।</p> <p>(গ) অধিদপ্তরে মানি লন্ডারিং সম্পর্কিত একটি ইউনিট গঠন করতে হবে। পাশাপাশি অধিদপ্তরের কর্মকর্তাদের মানি লন্ডারিং বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।</p>	<p>৫.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা বাস্তবায়নে যথাযথ প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।</p> <p>৫.২ বিষয়ভিত্তিক এবং ক্যালেন্ডার মোতাবেক প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।</p> <p>৫.৩ অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি এবং দাপ্তরিককার্যে কর্মদক্ষ করতে অধিদপ্তর ও অধিদপ্তরের বাহিরে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।</p> <p>৫.৪ অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে মানি লন্ডারিং টিম গঠনপূর্বক এ বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।</p> <p>৫.৫ প্রশিক্ষণের বিষয় ও বক্তা নির্বাচন সংক্রান্তে পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) এর নির্দেশনা গ্রহণ করতে হবে।</p>	পরিচালক (প্রশাসন, অর্থ ও উন্নয়ন /চিকিৎসা ও পুনর্বাসন)/সহকারী পরিচালক, কমন সার্ভিস।
০৬।	এপিএ, শুদ্ধাচার ও নৈতিকতা এবং ইনোভেশন কার্যক্রম জোরদারকরণ।	এপিএ, জাতীয় শুদ্ধাচার কৌশল ও নৈতিকতা কর্মপরিকল্পনা এবং ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে লক্ষ্যমাত্রা অর্জনে তৎপর থাকতে হবে।	৬.১ এপিএ, জাতীয় শুদ্ধাচার কৌশল ও নৈতিকতা কর্মপরিকল্পনা অনুযায়ী সভা করতে হবে। এপিএ, জাতীয় শুদ্ধাচার কৌশল ও নৈতিকতা কর্মপরিকল্পনা এবং ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা আগামী এপ্রিল/২০২২ এর মধ্যে অর্জনে তৎপর হতে হবে।	পরিচালক (সকল)।

০৭।	ওয়েব সাইট হালনাগাদ করণ।	অধিদপ্তরের অনলাইনে বুলেটিন প্রকাশ করার জন্য একটি সম্পাদনা পরিষদ গঠন করা হয়েছে এবং কমিটির আহ্বায়কের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। অধিদপ্তরের কার্যক্রম নিয়মিত বুলেটিন অনলাইনে প্রকাশ অব্যাহত রাখা যেতে পারে।	৭.১ প্রত্যেক অধিশাখা ওয়েবসাইটে তাঁর সংশ্লিষ্ট সেবা বক্স/তথ্য যাচাইপূর্বক হালনাগাদ আছে কি'না পরিবীক্ষণ করবেন এবং হালনাগাদ না থাকলে প্রয়োজনীয় তথ্য/প্রমানক ৮ মার্চ, ২০২২ তারিখের মধ্যে সহকারী পরিচালক (জন সংযোগ) বরাবর দাখিল করবেন। ৭.২ বুলেটিনসহ অধিশাখা হতে প্রেরিত তথ্য নিয়মিত কম্পিউটার সেল কর্তৃক ওয়েবসাইটে আপলোড করবেন।	সকল শাখা, প্রধান কার্যালয়/ সহকারী পরিচালক (জন সংযোগ)।  সহকারী প্রোগ্রামার , প্রধান কার্যালয়।
০৮।	কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি।	অধিদপ্তরের শ্রেণিভিত্তিক পদোন্নতি প্রদানের উপর বিস্তারিত আলোচনা হয়। সেখানে দেখা যায় যে, ২য় শ্রেণী ও ৩য় শ্রেণি কিছু পদের পদোন্নতি সংক্রান্ত বিষয়ে নিয়োগবিধি ও অন্যান্য কার্যক্রম সম্পর্কে জটিলতা রয়েছে। সে জটিলতা নিরসন করা প্রয়োজন। অধিদপ্তরে কর্মচারীদের পদোন্নতি। Kvh © –g দ্রুত সম্পন্ন করতে হবে।	৮.১ অধিদপ্তরের পদোন্নতিযোগ্য শ্রেণিভিত্তিক সকল পদের পদোন্নতির কার্যক্রম গ্রহণ এবং দ্রুত সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন, অর্থ ও উন্নয়ন) /উপপরিচালক (প্রশাসন)।

০৯।	ই-ফাইলিং কাজ সংক্রান্ত।	<p>অধিদপ্তরের মাঠ পর্যায়ের ৫৪টি অফিস ই-ফাইলিং এ অন্তর্ভুক্ত আছে। অবশিষ্ট অফিসসমূহকে ই-ফাইলের অন্তর্ভুক্ত করা প্রয়োজন। পাশাপাশি অধিদপ্তরে ডিজিটাল নথি ব্যবস্থাপনা করার ক্ষেত্রে একটি সফটওয়্যার তৈরি করা যেতে পারে।</p>	<p>৯.১ প্রতি সভায় প্রধান কার্যালয়ের ই-ফাইলিং কার্যক্রমের শাখা ও পদভিত্তিক পরিসংখ্যান উপস্থাপন করতে হবে।</p> <p>৯.২ যদি কোন জরুরি/গোপনীয় বিষয়ে সিদ্ধান্তের প্রয়োজন হয় তাহলে পরিচালকবৃন্দ নিজ উদ্যোগে নথি নিষ্পত্তির ব্যবস্থা নিবেন। কোন জরুরি ফাইল ই-নথিতে দেয়া হলে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে জরুরি ফাইলের বিষয়ে পূর্বে আলাপ করতে হবে।</p> <p>৯.৩ অধিদপ্তরে ডিজিটাল নথি ব্যবস্থাপনা করার ক্ষেত্রে একটি সফটওয়্যার তৈরি করতে হবে। সেখানে অধিদপ্তরের নথিসমূহ সুবিন্যাস্তভাবে থাকবে।</p> <p>৯.৪ অধিদপ্তরে সকল ডাকই ই-নথিতে উপস্থাপন এবং ই-নথির মাধ্যমেই নিষ্পত্তি করতে হবে।</p> <p>৯.৫ জেলা পর্যায়ের কার্যালয়গুলোতে আবশ্যিকভাবে ই-নথি চালু করতে হবে।</p> <p>৯.৬ KOICA প্রজেক্ট এর অগ্রগতি নিয়ে প্রতি ১৫ দিনে অনূন্য একবার প্রশাসন শাখায় প্রতিবেদন জমা দিবে।</p> <p>৯.৬ ফিল্ড কোর্স লোকেটর মাঠ পর্যায়ে ব্যবহার করা হচ্ছে কি'না তার তথ্য মহাপরিচালক এর নিকট উপস্থাপন করতে হবে।</p>	<p>পরিচালক(প্রশাসন, অর্থ ও উন্নয়ন)/সিস্টেম এনালিস্ট/উপপরিচালক(সকল)/সহকারী পরিচালক(সকল)/সহকারী প্রোগ্রামার।</p>
-----	-------------------------	--	---	---

১০।	বিবিধ	(ক) স্টাফ ওয়েলফেয়ার ও কর্মপরিবেশ উন্নয়ন: সভায় আলোচনা হয়।	১০.১ প্রতি মাসে কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সভায় স্টাফ বান্ধব, কর্ম বান্ধব এবং ওয়েলফেয়ার বান্ধব বিষয় ৩টি এজেন্ডাভুক্ত করে আলোচনা করতে হবে।	উপ-পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক(প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)।
		(খ) কর্মচারীগণের যাতায়াতের সুবিধার জন্য গাড়ী/বাহনের ব্যবস্থা করা প্রয়োজন।	১০.২ কর্মচারীগণের যাতায়াতের সুবিধার জন্য গাড়ী আউটসোর্সিং করা যায় কি'না এ সংক্রান্ত বিধি-বিধান যাচাই করে আগামী সভার উপস্থাপনা করতে হবে।	পরিচালক (প্রশাসন, অর্থ ও উন্নয়ন)/ উপ-পরিচালক (ফ্রেয়, পরিকল্পনা ও উন্নয়ন) সহকারী পরিচালক (কমন সার্ভিস)।
		(গ) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ১০ম থেকে ২০তম গ্রেডের সকলের রেশন সুবিধা আওতাভুক্ত রয়েছে। কিন্তু ১ম থেকে ৯ম গ্রেডের কর্মকর্তাগণের রেশন সুবিধার প্রস্তাব প্রেরণ করা হলেও সে বিষয়ে কোন সমাধান পাওয়া যায়নি। এমতাবস্থায় পুনরায় রেশনের প্রস্তাব প্রেরণ করা যেতে পারে।	১০.৩ ১ম থেকে ৯ম গ্রেডের কর্মকর্তাগণের রেশন সুবিধার প্রস্তাব ২৩ ডিসেম্বর, ২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখা।	পরিচালক (প্রশাসন)।
		(ঘ) অধিদপ্তরে মাদকাসক্ত চিহ্নিতকরণে ডোপটেস্ট প্রকল্পে ০৭টি বিভাগীয় শহরে ল্যাব সচল রাখতে এবং ল্যাব শক্তিশালীকরণে আনুষাংগিক সরঞ্জামাদি ও জনবল বৃদ্ধির প্রয়োজন। ডোপটেস্ট প্রকল্পের উপর পরিকল্পনা কমিশন কর্তৃক পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। ডোপটেস্ট প্রকল্পের ডিপিপি খুব শীঘ্রই পুনর্গঠন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে।	১০.৪ ডোপটেস্ট প্রকল্প ২৫ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে সুরক্ষা সেবা বিভাগের প্রেরণ করা।	পরিচালক (প্রশাসন, অর্থ ও উন্নয়ন)/ পরিচালক (চিকিৎসা পুনর্বাসন)/প্রধান রাসায়নিক পরীক্ষক /উপপরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ফ্রেয়, পরিকল্পনা ও উন্নয়ন)/ সহকারী পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়।
		(ঙ) অধিদপ্তরের নিজস্ব অফিস ভবন স্থাপন প্রকল্পের ডিপিপি প্রেরণ	৭টি জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিজস্ব অফিস ভবন স্থাপন (১. ফরিদপুর ২. কক্সবাজার ৩. কুমিল্লা ৪. পাবনা ৫. নওগাঁ ৬. লালমনিরহাট ও ৭. বরিশাল) প্রকল্পের ডিপিপি ৩১.০১.২০২২ তারিখের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন, অর্থ ও উন্নয়ন)/উপপরিচালক (ফ্রেয়, পরিকল্পনা ও উন্নয়ন), প্রধান কার্যালয়।

	(চ) অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে নতুন শাখা সৃজন	অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে (১) সাইবার ক্রাইম প্রতিরোধ শাখা (২) মানিলন্ডারিং প্রতিরোধ শাখা এবং (৩) ইন্টার ন্যাশনাল এফেয়ার্স শাখা সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন, অর্থ ও উন্নয়ন)/উপপরিচালক (প্রশাসন ও অর্থ), প্রধান কার্যালয়।
--	---	--	---

০৪। সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ  
মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর


স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৫.০৬.০০১.২১.২৯৮

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮

২৪ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক (প্রশাসন/অপারেশনস্/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
- ২) চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরমায় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৩) প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেল্ডারিয়া, ঢাকা।
- ৪) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭) উপ-পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অপারেশন্স), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
- ৮) সহকারী পরিচালক (প্রশাসন/অপারেশনস্/অর্থ ও হিসাব/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/কমন সার্ভিস/নিরোধ শিক্ষা/গবেষণা ও প্রকাশনা/চিকিৎসা ও পুনর্বাসন/জনসংযোগ/গোয়েন্দা শাখা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯) সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০) মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১) প্রশাসনিক কর্মকর্তা ( ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১২) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১৩) জনাব.....হিসাবরক্ষক/উচ্চমান সহকারী/সাঁট লিপিকার/সাঁট মুদ্রাক্ষরিক/অফিস সহকারী/স্টোর কিপার/লাইব্রেরিয়ান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১৪) অফিস কপি/গার্ড ফাইল।



দীপজয় খীসা  
সহকারী পরিচালক (প্রশাসন)